# জয়পুরহাট পৌরসভা
## জয়পুরহাট।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২২-২০২৩/৯৯৭ (০৫) তারিখ ঃ ০৯/০৯/2022

### সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার 'নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক' কমিটির সভা ১১/০৯/২০২২ খ্রিঃ তারিখ রোজঃ রবিবার বেলা ১১.০০ ঘটিকায় পৌর মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা। | সদস্য | |
| ২ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা। | সদস্য | [signature] |
| ৩ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১) জয়পুরহাট পৌরসভা। | সদস্য | [signature] |
| ৪ | জনাব মোঃ নূরে আলম সিদ্দিক | কাউন্সিলর, ওয়ার্ড নং- ৮ জয়পুরহাট পৌরসভা। | সদস্য | [signature] |
| ৫ | জনাব এ.টি.এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা। | সদস্য-সচিব | [signature] |

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ় করন বিষয়ে আলোচনা ।

২। কোভিড-১৯ বিষয়ে আলোচনা।

৩। লোডশেডিং বিষয়ে আলোচনা।

৪। বিবিধ।

[signature]

(মোঃ মামুনুর রশীদ)
কাউন্সিলর, ওয়ার্ড নং-৬
ও
সভাপতি
নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও
উন্নয়ন বিষয়ক কমিটি
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

..........................................................

সদস্য, নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও
উন্নয়ন বিষয়ক কমিটি
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
# জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার 'নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক' কমিটি সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোঃ মামুনুর রশীদ, কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৬, জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ১১/০৯/২০২২ খ্রিঃ।

রোজ ঃ রবিবার ।

সময় ঃ ১১.০০ ঘটিকা।

অদ্য ১১/০৯/২০২২ খ্রিঃ তারিখ রোজঃ সোমবার সময় ঃ ১১:০০ ঘটিকার সময় পৌর মিলনায়তনে 'নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক' কমিটি সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মোঃ মামুনুর রশীদ। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

১ নং আলোচ্য সূচী ঃ গত সভার কার্যবিবরনী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।

আলোচনা ঃ সভাপতি মহোদয় গত সভার কার্যবিবরনী পাঠ করার জন্য কমিটির সদস্য-সচিব জনাব এ, টি, এম মোস্তাফিজুর রহমান, নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা কে আদেশ করেন। সভাপতি মহোদয়ের আদেশক্রমে উপস্থিত সভায় সদস্য-সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

সিদ্ধান্ত ঃ গত সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্বসম্মতিভাবে দৃঢ় করণ করা হলো।

**২ নং আলোচ্য সূচী ঃ**

**কোভিড-১৯ বিষয়ে আলোচনা ঃ**

কাউন্সিলর মহোদয় **কোভিড-১৯ বিষয়ে** সভায় ব্যাপক আলোচনা করেন। তিনি বলেন, সারা পৃথিবীতে করোনা ভাইরাসের সংক্রমন আবার বাড়ছে। এতে করে সারা বিশ্বের অর্থনীতি ভঙ্গুর অবস্থা। দক্ষিণ এশিয়ার দেশগুলো এর ব্যতিক্রম নয়। নতুন করে আবার করোনার প্রভাব লক্ষ করা যাচ্ছে এজন্য যারা করোনার টিকা নেওয়া থেকে বিরত আছেন তারা অবশ্যই করোনার টিকা গ্রহন করবেন। স্বাস্থ্য বিধি মেনে সকল কাজ কর্ম করবেন। ২৬ আগষ্টে করোনার প্রভাবে একজনের মৃত্যু ও ২৫৮জন আক্রান্ত হয়েছে। এখন পর্যন্ত করোনায় মৃত্যুর হার প্রায় ২৯ হাজার এবং আক্রান্ত হয়েছে প্রায় ২০ লক্ষ। এই করোনার হাত থেকে স্কুলগামী বাচ্চাদের রক্ষার জন্য করোনার টিকার ব্যবস্থা করা হয়েছে। এতে বাচ্চাগুলো সুস্থ থাকতে পারবে। করোনা ভাইরাসকে ভয় না করে সচেতন হতে হবে এবং সবাইকে সচেতন করতে হবে। সচেতনতা ও করোনা ভাইরাসের বিধি নিষেধ মেনে চললেই আমরা সুস্থ থাকতে পারব।

**সিদ্ধান্ত** ঃ যারা টিকা গ্রহন করেনি তারা টিকা গ্রহন করবে এবং স্বাস্থ্যবিধি মেনে সকল কার্যক্রম করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

৩ নং আলোচ্য সূচী ঃ

**জলবায়ু পরিবর্তন বিষয়ে আলোচনা ঃ**

কাউন্সিলর মহোদয় জলবায়ু পরিবর্তন বিষয়ে সভায় ব্যাপক আলোচনা করেন। তিনি বলেন, জলবায়ু পরিবর্তনের প্রধান কারণ হল গ্রিন হাইজ ইফেক্ট। শক্তি উৎপাদনে জীবাশ্ম জ্বালানির পোড়ানোর ফলে বায়ুমন্ডলে কার্বন ডাই অক্সাইড ,নাইট্রোজেন,মিথেন,সহ নানা ধরনের ক্ষতিকারন গ্যাস বৃদ্ধি পায় এবং এ গ্যাসগুলো আমাদের বায়ুমন্ডলকে উত্তপ্ত করে চলছে। এই জলবায়ু পরিবর্তনের প্রভাবে সবথেকে ঝুকিতে থাকা দেশগুলোর মধ্যে বাংলাদেশ অন্যতম। বাংলাদেশ একটি নদী বিধৌত ব-দ্বীপ। বাংলাদেশ আরও নানা

প্রাকৃতিক সংকটের মুখোমুখি হয়। উষ্ণায়নের ফলে হিমালয়ের বরফ গলে সমুদ্র পৃষ্টের উচ্চতা বৃদ্ধি এবং প্রাণঘাতী দুর্যোগ ভূমিকম্প নদী ভাঙ্গনে জলাবদ্ধতা, পানি বৃদ্ধি, মাটির লবণাক্ততা প্রধান প্রাকৃতিক বিপর্যয় হিসেবে চিহ্নিত হয়েছে। আমরা জানি বাংলাদেশ ছয় ঋতুর দেশ কিন্তু জলবায়ু পরিবর্তনের কারণে ছয় ঋতু বোঝার কোন উপায় নেই। আমরা দুইটা ঋতু বুঝতে পারি। এছাড়াও জলবায়ু পরিবর্তনের জন্য অসময়ে বন্যা, অসময়ে ক্ষরা দেখা যাচ্ছে। এতে আমাদের দেশে ফসলের ব্যাপক ক্ষয় ক্ষতি হচ্ছে । এই জলবায়ু পরিবর্তন রোধ করার জন্য বেশী বেশী করে গাছ লাগাতে হবে।

সিদ্ধান্তঃ জলবায়ু পরিবর্তন এর জন্য সবাই বেশী বেশী করে গাছ লাগাবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ মামুনুর রশীদ)
কাউন্সিলর, ওয়ার্ড নং-৬
ও
সভাপতি
নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও
উন্নয়ন বিষয়ক কমিটি
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২১-২০২২/২৪৬(০৬) তারিখঃ ১১/০৯/২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা .......................................,সদস্য, নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক কমিটি
৩। অফিস নথি।

(মোঃ মামুনুর রশীদ)
কাউন্সিলর, ওয়ার্ড নং-৬
ও
সভাপতি
নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও
উন্নয়ন বিষয়ক কমিটি
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার 'নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক' কমিটি

সভাপতি ঃ জনাব মোঃ মামুনুর রশীদ, কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৬, জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ১১/০৯/২০২২ খ্রিঃ।

রোজ ঃ রবিবার।

সময় ঃ ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষরঃ

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মামুনুর রশীদ | কাউন্সিলর, ওয়ার্ড নং- ০৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ২ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা। | সদস্য | |
| ৩ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা। | সদস্য | |
| ৪ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১) জয়পুরহাট পৌরসভা। | সদস্য | |
| ৫ | জনাব মোঃ নূরে আলম সিদ্দিক | কাউন্সিলর, ওয়ার্ড নং- ৮ জয়পুরহাট পৌরসভা। | সদস্য | |
| ৬ | জনাব এ.টি.এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা। | সদস্য-সচিব | |